প্রথম অধ্যায়



# সংগ্রহশালা ও লেখ্যাগারের সংজ্ঞা ও ইতিহাস (Definition and history of development of Museum and Archives)

১. সংগ্রহশালার সংজ্ঞা ২. সংগ্রহশালার ইতিহাস
৩. লেখ্যাগারের সংজ্ঞা ৪. লেখ্যাগারের ইতিহাস

## সংগ্রহশালার সংজ্ঞা

**✱ সংগ্রহশালা বা সংগ্রহালয় বা মিউজিয়াম কী?**

☞ মিউজিয়াম-এর বাংলা অর্থ সংগ্রহশালা বা সংগ্রহালয় হলেও অনেক সময় জাদুঘরও বলা হয়। সংগ্রহশালা হল মানবজাতির ঐতিহ্যের ধন-ভান্ডার। মানুষের স্মৃতি, সংস্কৃতি, স্বপ্ন ও আশা সংগ্রহশালায় সংরক্ষিত থাকে। আধুনিক সংগ্রহশালা গড়ে ওঠার আগে পৃথিবীর বিভিন্ন জায়গার মানুষ বিভিন্নভাবে তাদের গুরুত্বপূর্ণ সম্পদ সংক্ষণ করে রাখত। প্রাচীন ভারতে 'চিত্রশালা'গুলি দুর্লভ চিত্র ও মূর্তি সংরক্ষণ করে ইতিহাস, ধর্ম ও শিল্প শিক্ষায় অগ্রণী ভূমিকা পালন করত। প্রাচীন ভারত তথা এশিয়ায় তৎকালীন সময়ে সমাজের গুরুত্বপূর্ণ সম্পদ মন্দিরে সংরক্ষিত করে রাখা হত। প্রাচীন ইউরোপে চার্চগুলি শুধুমাত্র ধনসম্পদ সংরক্ষণ করত তা নয়, সেগুলি তৎকালীন সমাজের দুষ্প্রাপ্য শিল্পবস্তু ও সংরক্ষণ করত।

সংগ্রহশালা হল এমন একটি প্রতিষ্ঠান যেটি পৃথিবী জুড়ে মানব সভ্যতার ইতিহাসের কথা বলে। সংগ্রহশালা মানুষ ও প্রকৃতি উভয়ের সৃষ্টিকেই সংরক্ষিত রাখে। বর্তমান সভ্যতায় সংগ্রহশালা একটি জাতির সাংস্কৃতিক সত্তাকে সংরক্ষিত রাখে।

আধুনিক অর্থে মিউজিয়াম কথাটি সপ্তদশ শতাব্দীর ইউরোপে প্রচলিত হয়েছিল। ইংরাজীতে মিউজিয়াম (museum) কথাটি প্রথম ব্যবহার হয়েছিল সপ্তদশ শতাব্দীতে। ইংরাজী **'মিউজিয়াম' কথাটি ল্যাটিন শব্দ থেকে এলেও এর মূল উৎস গ্রীক। গ্রীক শব্দ মিউজিয়নের (Mouseion) অর্থ মিউজ দেবতার মন্দির।** গ্রীক পুরাণ অনুসারে মিউজ হচ্ছে সঙ্গীত, সাহিত্য এবং কলার নয়জন দেবী। টাইটান দেবী নেমোসাইনের সাথে দেবতা জিউসের মিলনের ফলে মিউজদের জন্ম হয়।

বিভিন্ন অভিধানে সংগ্রহশালা বা মিউজিয়ামের অর্থ যে ভাবে করা হয়েছে তা হল—

কলিন্স অভিধান (Collins Dictionany) অনুসারে—'*মিউজিয়াম হল এমন একটি গৃহ যেখানে আকর্ষণীয় ও মূল্যবান বস্তু যথা শিল্পকর্ম অথবা ঐতিহাসিক বস্তু সংরক্ষিত, চর্চা ও জনসাধারণের জন্য প্রদর্শিত করা হয়।*

('*A museum is a building where a large number of interesting and valuable objects such as works of art or historical items, are kept, studied and displayed to the public.*')

অক্সফোর্ড লিভিং ডিক্সনারি (Oxford Living Dictionary) অনুসারে মিউজিয়াম হল—

*'এমন একটি গৃহ যেখানে ঐতিহাসিক, বৈজ্ঞানিক, শৈল্পিক অথবা সাংস্কৃতিক গুরুত্বপূর্ণ বস্তু সংরক্ষণ এবং প্রদর্শন করা হয়'*।

*('A building in which objects of historical, scientific, artistic or cultural interest are stored and exhibited')*।

আন্তর্জাতিক মিউজিয়াম সংস্থা ICOM (International Council of Museums) ১৯৪৬ সালে প্রতিষ্ঠা হওয়ার পর থেকে বিভিন্ন সময়ে সময়োপযোগী সংগ্রহশালা বা মিউজিয়ামের সংজ্ঞা নির্ধারণ করেছে—

**ICOM বা ইন্টারন্যাশনাল কাউন্সিল অফ্ মিউজিয়ামের দেওয়া ১৯৪৬ থেকে ২০০৭ পর্যন্ত সংগ্রহশালা বা মিউজিয়াম সংজ্ঞার বিবর্তন :**

**১৯৪৬**

১৯৪৬ সালে আইকোমের 'মিউজিয়াম'-এর প্রথম সংজ্ঞাটি হল—

*'মিউজিয়াম অর্থে বোঝায় বোটানিক্যাল গার্ডেন ও চিড়িয়াখানা সমেত শৈল্পিক, প্রযুক্তিগত; বৈজ্ঞানিক, ঐতিহাসিক, প্রত্নতাত্ত্বিক বস্তু যা সাধারণের জন্য উন্মুক্ত। কিন্তু যে সব গ্রন্থাগারের স্থায়ী প্রদর্শন কক্ষ নেই সেগুলি মিউজিয়াম সংজ্ঞার বহির্ভূত।*

**২০০১**

২০০১ স্পেনের বার্সিলোনায় ICOM-এর ১৮তম সাধারণ সভায় ধারা—২য় বর্ণিত মিউজিয়ামের সংজ্ঞাটি হল—

*'একটি মিউজিয়াম হলো সাধারণের জন্য উন্মুক্ত, সমাজ ও তার উন্নয়নের সেবায় নিয়োজিত অলাভজনক, চিরস্থায়ী সংস্থা যেটি অধ্যায়ন, শিক্ষা এবং বিনোদনের উদ্দেশ্যে মানুষ ও তার পরিবেশের পার্থিব নিদর্শন সংগ্রহ, সংরক্ষণ, গবেষণা, যোগাযোগ এবং প্রদর্শন করে।*

*(A museum is a non profit making, permanent institution in the service of society and of its development, and open to the public, which acquires, conserves, researahes, communicates and exhibits, for purposes of study, education and enjoyment, material evidence of people and their environment.)*

২০০১ সালের উপরিউক্ত এই সংজ্ঞার সঙ্গে আরও কতকগুলি সংস্থাকে যুক্ত করা হয়েছে যারা মিউজিয়াম হওয়ার উপযুক্ত—

১. মিউজিয়ামের প্রকৃতি হলো প্রাকৃতিক, প্রত্নতাত্ত্বিক এবং জাতিতাত্ত্বিক সৌধ এবং অঞ্চল এবং ঐতিহাসিক সৌধ ও অঙ্কন যা মানুষ ও তার পরিবেশের পার্থিব নিদর্শন সংগ্রহ, সংরক্ষণ এবং যোগাযোগ স্থাপন করে।

২. সেই সব প্রতিষ্ঠান যেগুলি উদ্ভিদ ও প্রাণীজ বস্তুর সংগ্রহ এবং প্রদর্শন করে। যেমন—বোটানিক্যাল গার্ডেন, চিড়িয়াখানা, অ্যাকোরিয়াম

৩. বিজ্ঞান কেন্দ্র এবং প্ল্যানেটোরিয়াম।

৪. অলাভজনক শিল্প প্রদর্শন কেন্দ্র।

৫. প্রাকৃতিক সংরক্ষণাগার; গ্রন্থাগার এবং লেখ্যাগার দ্বারা চিরস্থায়ী সংরক্ষণ ও প্রদর্শন কেন্দ্র; প্রাকৃতিক উদ্যান।

৬. আন্তর্জাতিক অথবা জাতীয় অথবা আঞ্চলিক বা স্থানীয় মিউজিয়াম সংস্থা, মন্ত্রক বা বিভাগ, সরকারি সংস্থা যেগুলি পূর্ববর্ণিত সাধারণ সভায় মিউজিয়াম সংজ্ঞার ধারা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত।

৭. মিউজিয়াম ও মিউজিওলজি বিষয়ক সংরক্ষণ, গবেষণা, শিক্ষা, প্রশিক্ষণ, লিপিবদ্ধকরণ এবং অন্যান্য বিষয়ক কর্মসূচীর সঙ্গে যুক্ত অলাভজনক প্রতিষ্ঠান বা সংস্থা।

৮. সাংস্কৃতিক কেন্দ্র অথবা অন্যান্য সংস্থা যেগুলি পার্থিব ও অপার্থিব ঐতিহ্যের সংরক্ষণ, বহন ও ব্যবস্থাপণ বিষয়ে উদ্যোগী।

৯. কিছু অন্যান্য কার্যকরী সংস্থা যেগুলি উপদেস্টা মন্ডলীর উপদেশে মিউজিয়ামের অংশত বা সামগ্রিক বৈশিষ্ট্য গ্রহণ করে অথবা মিউজিয়াম সংক্রান্ত গবেষণা, শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে মিউজিয়াম ও মিউজিয়াম ব্যক্তিত্বের সাপেক্ষে কাজ করে।

**২০০৭**

২০০৭ সালে অস্ট্রিয়ার ভিয়েনায়) ICOM -এর ২২তম সাধারণ-সভায় গৃহীত নীতির (Statutes) ৩নং ধারায় বর্ণিত মিউজিয়ামের সংজ্ঞাটি হল—

*'একটি মিউজিয়াম হলো সাধারণের জন্য উন্মুক্ত, সমাজ ও তার উন্নয়নের সেবায় নিয়োজিত অলাভজনক, চিরস্থায়ী সংস্থা যেটি শিক্ষা, চর্চা ও বিনোদনের উদ্দেশ্যে, মানবতা ও তার পরিবেশের পার্থিব ও অপার্থিব ঐতিহ্যের সংগ্রহ, সংরক্ষণ, গবেষণা, যোগাযোগ ও প্রদর্শন করে।'*

*(A Museum is a non profit, permanant institution in the service of society and its development, open to the public, which acquires, conserves, researches, communicates and exhibits the tangible and intangible heritage of humanity and its environment for the purposes of education, study and enjoyment).*

১৯৭৪ থেকে ১৯৯৫ সালে নেদারল্যান্ডের হেগের আইকোম (ICOM)-এর ১৬তম সাধারণ সভা পর্যন্ত ICOM-দেওয়া মিউজিয়ামের সংজ্ঞার কোনো পরিবর্তন হয়নি। কেবলমাত্র মিউজিয়াম হওয়ার উপযুক্ত সংস্থাগুলির ধারণা ধীরে ধীরে বৃদ্ধি পেয়েছে।

১৯৫১ সালে আইকোমের সাধারণ সভায় গৃহীত ২নং ধারায় মিউজিয়াম বলতে যা বোঝানো হয়েছে তা হল—

- *'মিউজিয়াম শব্দটির দ্বারা একটি চিরস্থায়ী সাধারণ উদ্দেশ্যে পরিচালিত সংস্থা যেটি বিভিন্ন মাধ্যমে বিশেষত সাংস্কৃতিক মূল্যবাণ বস্তুর জন প্রদর্শনের দ্বারা বস্তুর সংরক্ষণ, চর্চা ও বৃদ্ধি ঘটায়।*
- *শৈল্পিক, ঐতিহাসিক, বৈজ্ঞানিক এবং প্রযুক্তিগত সংগ্রহ, বোটানিক্যাল গার্ডেন, চিড়িয়াখানা এবং অ্যাকোরিয়াম। সাধারণ গ্রন্থাগার এবং লেখ্যাগার যেখানে স্থায়ী প্রদর্শন কক্ষ রয়েছে সেগুলিকে মিউজিয়াম হিসাবে গণ্য করা হবে।'*

মিউজিয়াম অ্যাসোসিয়েশন (ব্রিটিশ যুক্তরাষ্ট্র)-এর দেওয়া মিউজিয়ামের সংজ্ঞা—

• *'মিউজিয়াম হল একটি প্রতিষ্ঠান যেটি সাধারণের লাভের জন্য পার্থিব নিদর্শন এবং সেই সম্পর্কিত তথ্যের সংগ্রহ, লিপিবদ্ধকরণ, সংরক্ষণ, প্রদর্শন এবং বিশ্লেষণ করে'*

(*A museum is an institution which collects, documents, preserves, exhibits and interprets material evidence and associated information for the public benefit*)।

উপরিউক্ত সংজ্ঞাটি মিউজিয়াম অ্যাসোশিয়েশন দ্বারা বিশ্লেষণও করা হয়েছে—

• Institution বা প্রতিষ্ঠান অর্থ একটি সাধারণ সংস্থা যেটির একটি দীর্ঘমেয়াদি উদ্দেশ্য রয়েছে। অর্থাৎ মিউজিয়াম এমন একটি সংস্থা যেটির দীর্ঘমেয়দি উদ্দেশ্য থাকবে।

• Collects বা সংগ্রহ বলতে মিউজিয়ামের দ্বারা সমস্ত ধরণের অর্জিত বস্তুকে বোঝায়।

• Documents বা লিপিবদ্ধকরণ বলতে বস্তুর তথ্য লিপিবদ্ধ করাকে বোঝায়।

• Preserves বা সংরক্ষণ বলতে সমস্ত ধরনের বস্তুর সংরক্ষণ ও নিরাপত্তা অন্তর্ভুক্ত করা হয়েছে।

• Exhibits বা প্রদর্শন বলতে মিউজিয়ামের দর্শনার্থীদের আশা পূরণ করা অর্থাৎ নিদেনপক্ষে মিউজিয়ামের সংগৃহীত কিছু বিশেষ নির্বাচিত বস্তু তারা দেখতে সমর্থ হবে।

• Interprets বা বিশ্লেষণ দ্বারা পার্থিব বস্তুর (tangible) প্রদর্শন, শিক্ষা, গবেষণা ও প্রকাশনা অন্তর্ভুক্ত করা হয়েছে।

• Evidence বা নিদর্শন বস্তুর আসল রূপ সম্বন্ধে নিশ্চয়তা দেয়।

• Associated Information বা সম্পর্কিত তথ্য সেই জ্ঞানকে প্রতিনিধিত্ব করে যা মিউজিয়ামের একটি বস্তুকে অজানা করে রাখা থেকে রক্ষা করে এবং বস্তুটির অতীত ইতিহাস, সংগ্রহ এবং ব্যবহার সম্পর্কিত সমস্ত তথ্যকে কে অন্তর্ভূক্ত করে।

• 'For the public benefit' বা 'সাধারণের লাভের উদ্দেশ্য' কথাটির দ্বারা 'মিউজিয়াম সমাজের সেবক' এটি বোঝানো হয়েছে।